

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
প্রশাসন -২ অধিশাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০০৬.২৮.৫০৬.০২ (অংশ-১)-১২২৩

তারিখ: ৫ আষাঢ় ১৪২৪
১৯ জুন ২০১৭

নিয়োগ আদেশ


পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়-এর বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশ ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের রাজস্ব খাতভুক্ত অফিস সহায়ক (মহিলা কোটায়) এর স্থায়ী শূন্য পদে নিম্নোক্ত ০১ (এক) জন প্রার্থী-কে জাতীয় বেতনস্কেল ২০১৫-এর ৮২৫০/- টাকা বেতনক্রমে (গ্রেড ২০) নিম্নবর্ণিত শর্তাবলী পালন সাপেক্ষে অস্থায়ীভিত্তিতে শিক্ষানবীশ হিসাবে নিয়োগ করা হলো:

রোল নম্বর	নাম: পিতা, স্বামী ও মাতা	স্থায়ী ঠিকানা
১৮৭	জনাব/বেগম রহিমা আক্তার পিতার নাম: ইউসুফ মিয়া মাতার নাম: আলেয়া বেগম	গ্রাম: পাঁচ পাড়া ডাকঘর: পাঁচ পাড়া পোস্ট কোড: ৩৭০৮ উপজেলা: লক্ষ্মীপুর সদর জেলা: লক্ষ্মীপুর

শর্তাবলী:

- (ক) চাকুরীতে যোগদানের সময় শারীরিক সুস্থতার স্বপক্ষে সিভিল সার্জন-এর নিকট হতে সনদপত্র দাখিল করতে হবে;
- (খ) এ নিয়োগ চাকুরীতে যোগদানের তারিখ হতে কার্যকর হবে এবং চাকুরীতে যোগদানের পর যথারীতি প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে কর্তৃপক্ষ এই নিয়োগ বাতিল করতে পারবে;
- (গ) কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকলে অথবা বিবাহ করার অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- (ঘ) এ নিয়োগ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এইরূপ ক্ষেত্রে চাকুরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা তার চাকুরী নিয়ন্ত্রিত হবে;
- (ঙ) এ চাকুরীতে যোগদানের জন্য তাকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না;
- (চ) উল্লিখিত শর্তাবলী গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ১৬/০৭/২০১৭ খ্রি. তারিখের মধ্যে অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা এর নিকট যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে চাকুরীতে যোগদান করতে ইচ্ছুক নয় মর্মে গণ্য করা হবে;
- (ছ) উক্ত তারিখের পর কোনক্রমেই যোগদানপত্র গ্রহণ করা হবে না এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য করা হবে।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।


এ.বি.এম জাকির হোসাইন
অতিরিক্ত-সচিব


চলমান পাতা-২

নং-৫২.০০.০০০০.০০৬.২৮.৫০৬.০২ (অংশ-১)-১২২৩

তারিখ: ৫ আষাঢ় ১৪২৪
১৯ জুন ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২। সিভিল সার্জন, ঢাকা/লক্ষীপুর জেলা।
- ৩। আয়ন ব্যয়ন কর্মকর্তা, হিসাব শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁ, ঢাকা।
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁ, ঢাকা।
- ৬। সহকারী প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। রহিমা আক্তার, রোল নং-১৮৭ (স্থায়ী ঠিকানা: গ্রাম: পাঁচ পাড়া, ডাকঘর: পাঁচ পাড়া, উপজেলা: লক্ষীপুর সদর, জেলা: লক্ষীপুর।
- ৮। ব্যক্তিগত নথি/গার্ড নথি/অফিস কপি।


১৯/৬/১৭
মো. আবুল কাশেম
উপসচিব
☎ -৮১৮১৩৪১